দৈনিক বাংলা

তারিখ ২০/১/৮২
পৃষ্ঠা 150



## ডঃ আশরাফুল হকের ইন্তেকাল

কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ১৯শে জানুয়ারী (সংবাদদাতা)।— উপ-মহাদেশের প্রখ্যাত বিজ্ঞানী প্রফেসর ডঃ আশরাফুল হক রিউমাটয়েড আর্থরাইটিসে আক্রান্ত হয়ে আজ সকালে কৃষি বিশ্ববিদ্যালয়স্থ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে....রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৩ বৎসর।

প্রফেসর হক ১৯৬৪ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে উদ্ভিদ বিজ্ঞান বিভাগে প্রফেসর হিসাবে যোগদান করেন। এর পূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছিলেন। সম্প্রতি তিনি ভারতে বেনারস বিশ্ববিদ্যালয়ে ভিজিটিং প্রফেসর হিসাবে দায়িত্ব পালন করেন। প্রফেসর হক বিভিন্ন সময়ে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন। তাঁর আন্তর্জাতিক মানের বৈজ্ঞানিক প্রকাশনার সংখ্যা প্রায় ৩০ খানি। সাইটোলজিতে বিশেষ অবদানের জন্য তিনি বিশ্বের বিজ্ঞানী-মহলে সুপরিচিত। প্রফেসর হক ভারতের বেনারসে জন্মগ্রহণ করেন এবং ১৯৪৮ সালে তদানীন্তন পূর্ব পাকিস্তানের নাগরিকত্ব লাভ করেন। মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি বাংলাদেশে স্থায়ীভাবে বসবাস করেন। বর্তমানে তাঁর একমাত্র ভগ্নি বেনারসে অবস্থান করছেন। দেশে ও বিদেশে প্রায় সর্বত্রই তাঁর অসংখ্য ছাত্রছাত্রী, সহকর্মী, বন্ধুবান্ধব ও গুণগ্রাহী রয়েছেন। তিনি অকৃতদার ছিলেন।